



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
ভালুকা, ময়মনসিংহ।

ই-মেইল mymensinghpbs2@gmail.com

স্মারক নং- ২৭.১২.৬১১৩.৫৪৫.০৫.৫২৪.১৭.৫৮-২৩

তারিখ : ২০.১২.২০১৭ খ্রিঃ।

বিষয় : মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবল প্রশিক্ষণ (TC-240) বিজ্ঞপ্তি।

সূত্র : স্মারক নং- ২৭.১২.০০০০.০২৯.৭২.৮৫২.১৭.৬২৯, তারিখ : ২৫/১০/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০১/২০১৮ হতে ৩১/০১/২০১৮ খ্রিঃ মেয়াদে ময়মনসিংহ পবিস সদর দপ্তরে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের প্রশিক্ষণ কোর্স (TC-240) আয়োজন করা হয়েছে। এমতাবস্থায়, নিম্নোক্ত শর্তে উক্ত প্রশিক্ষণ কোর্সে যথা সময়ে প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলী :

- ০১। ক্লাইমিং কাজে অসামর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।
- ০২। প্রত্যেক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ফি বাবদ জনপ্রতি ৪,০০০.০০ (চার হাজার) টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ময়মনসিংহ পবিস-২ এর অনুকূলে জমা দিতে হবে।
- ০৩। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ পরিদপ্তরের নির্ধারিত ফর্ম নম্বর 'প্রপফ-০২৯-০০১' ভার্সন-২ তারিখ : ২৬/১১/২০১৩ খ্রিঃ "Trainee's Personal Data Form" যথাযথভাবে পূরণ করে ঠিকাদারী প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে প্রিন্ট করে আনতে হবে।
- ০৪। প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠানের সত্বাধিকারী কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের তিন কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রঙিন ছবি সংগে আনতে হবে।
- ০৫। প্রশিক্ষণে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।
- ০৬। অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকাভুক্তির অনুমোদনপত্র জমা দিতে হবে।
- ০৭। সুপারভাইজার পদে প্রশিক্ষণের জন্য এসএসসি অথবা সমমান পরীক্ষা পাশের সনদ এর মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
- ০৮। লাইনম্যান পদে প্রশিক্ষণের জন্য সর্বনিম্ন অষ্টম শ্রেণী / জেএসসি/ সমমান পাশের মূল ও সত্যায়িত কপি আনতে হবে।
- ০৯। প্রশিক্ষণার্থীকে জন্ম সনদের মূল ও সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান/ সিটি করপোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ আনতে হবে।
- ১০। প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে (যদি থাকে)।
- ১১। প্রশিক্ষণার্থীর বয়স কোর্স শুরুর তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হতে হবে।
- ১২। কোন প্রশিক্ষণার্থী একাধিক প্রতিষ্ঠানে কিংবা একই প্রতিষ্ঠানের একাধিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
- ১৩। প্রশিক্ষণার্থীর আবেদনপত্রে ক্রমিক ০৪-এ উল্লেখিত সাইজের ছবি এঁটে দিয়ে এমনভাবে কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠানের গোলসীল দিতে হবে যাতে সীলের ছাপের অর্ধেক অংশ আবেদনপত্রের উপর এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির উপরের কর্ণারে থাকে। একই প্রক্রিয়ায় কোর্সের সমন্বয়কারী ছবির নিচের কর্ণারে স্বাক্ষর করে তার নামযুক্ত সীল প্রদান করবেন। এক্ষেত্রে স্বাক্ষর ও সীলের ছাপের অর্ধেক অংশ আবেদনপত্রের উপর এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির নিচের কর্ণারে থাকে।
- ১৪। কাঠের ও এসপিসি পোলে আরোহণ এবং অনুশীলনের জন্য বুটজুতা ও ক্লাইম্বার সেটসহ কোর্স শুরুর দিন সকাল ৯.০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষণস্থলে উপস্থিত থাকতে হবে।
- ১৫। কোন প্রশিক্ষণার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না। তবে এসএসসি অথবা সমমান পরীক্ষায় পাশ এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। সুপারভাইজার হিসেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসেবে প্রাপ্ত সনদ বাপবিবোর্ডে ফেরত দিতে হবে। তথ্য গোপনকারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ১৬। প্রশিক্ষণে অংশগ্রহণকারী লোকবলের থাকা খাওয়া সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপনাসহ সমস্ত ব্যয়ভার ঠিকাদারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এ ব্যাপারে পবিস কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৭। প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীর কোন প্রকার দূর্ঘটনা ঘটলে প্রশিক্ষণ কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠান কোন দায়-দায়িত্ব বহন করবে না।
- ১৮। উপরে উল্লিখিত শর্তাবলী ছাড়াও নতুন কোন সমস্যার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(প্রকৌঃ জহিরুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি :

- ০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবো, ময়মনসিংহ।
- ০৩। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (দঃ)।
- ০৫। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/ওমন্ডএম), মপবিস-২।
- ০৬। নোটিশ বোর্ড, মপবিস-২।
- ০৭। অফিস কপি / মুষ্টিার কপি।

(মোঃ নুরনবী)
এজিএম (ইএন্ডসি)